



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/রেজি/ক্রম/নিলাম/২০২৪/৬৯৫

তারিখ: ০৫ চৈত্র ১৪৩০
১৯ মার্চ ২০২৪

নিলাম বিজ্ঞপ্তি

১. নিলাম আন্ধানকারী : রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. নিলাম দাতার যোগ্যতা : ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর নিবন্ধনকারী প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার।
৩. নিলাম সিডিউল বিক্রি শুরুর স্থান এবং তারিখ : রেজিস্ট্রার দপ্তর এবং অর্থ ও হিসাব দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ২১.০৩.২০২৪ খ্রিষ্টাব্দ।
৪. নিলাম সিডিউল জমা দেওয়ার স্থান এবং সর্বশেষ সময় : রেজিস্ট্রার দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ০৪.০৪.২০২৪ খ্রিষ্টাব্দ দুপুর ১২.০০।
৫. নিলাম সিডিউল উন্মুক্তকরণের স্থান এবং সময় : সভাকক্ষ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ০৪.০৪.২০২৪ খ্রিষ্টাব্দ দুপুর ১২.৩০।
৬. নিলাম সংক্রান্ত তথ্য সংগ্রহ : ক্রয় শাখা, রেজিস্ট্রার দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৭. নিলামের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) : উদ্ধৃত মূল্যের ৩০ (ত্রিশ) ভাগ।
৮. নিলামের সংক্ষিপ্ত বিবরণ : ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের অধিগ্রহণকৃত জমিতে ১০৫ (একশত পাঁচ) টি গাছ-পালা অপসারণ।

শর্তাবলী:

১. ৫০০/- (পাঁচশত) টাকা রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিয়ে নিলাম সিডিউল সংগ্রহ করতে হবে;
২. নিলামের নিরাপত্তা জামানত হিসেবে উদ্ধৃত মূল্যের ৩০ (ত্রিশ) ভাগ টাকা রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে;
৩. নিলাম সিডিউল উন্মুক্তকরণের সময় দরদাতা/প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন;
৪. নিলামে সর্বোচ্চ দাখিলকৃত দর কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে নিলাম বিজয়ীকে ইআবি ব্যাংক হিসাব নং ০২০০০০৪৩৮৩৩৬৫-এ মূল্য পরিশোধপূর্বক সংশ্লিষ্ট গাছ-পালা অপসারণ করতে হবে;
৫. কোন যুক্তিসংগত কারণ না থাকলে উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট গাছ-পালা অপসারণ করতে ব্যর্থ হলে অনুমোদন বাতিল করে নিলামক্রমের নগদ প্রদেয় জামানত ইআবির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে;
৬. নিলামের জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত গাছ-পালা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের অনুমতি সাপেক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস পরিদর্শন করা যাবে;
৭. উদ্ধৃত মূল্যের সাথে সরকারি বিধি মোতাবেক ৭.৫ (সাত দশমিক পাঁচ) ভাগ ভ্যাট ও ১০ (দশ) ভাগ আয়কর সংযুক্ত করা হবে;
৮. নিলাম সংক্রান্ত যাবতীয় তথ্য অফিস চলাকালীন সময়ে জানা যাবে;
৯. কাজ সমাপ্ত হওয়ার পর অপসারণকৃত গাছ-পালার জায়গা পরিষ্কার-পরিচ্ছন্ন করে মাটি সমান করে দিতে হবে। অন্যথায় নিলামের নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হবে;
১০. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের অধিগ্রহণকৃত জমিতে বিদ্যুৎ এবং গ্যাস সরবরাহের লাইন রয়েছে। গাছ-পালা অপসারণের সময় বিদ্যুৎ এবং গ্যাস সরবরাহের লাইনে কোন প্রকার ক্ষতি হলে অপসারণকারী প্রতিষ্ঠান এক্ষেত্রে দায়ী থাকবে এবং ক্ষতিপূরণ বহন করবে;
১১. অসম্পূর্ণ নিলাম সিডিউল বাতিল বলে গণ্য হবে, নির্দিষ্ট সময়ের পরে কোন নিলাম সিডিউল গ্রহণযোগ্য হবে না;
১২. সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে, নিলাম আহবানকারী কোন কারণ দর্শানো ব্যতিরেকে সম্পূর্ণ/আংশিক নিলাম বাতিল করতে পারবেন;

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

Mamun 19.03.2024

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

মোবাইল: ০১৭০৫৪০৮০০১

ই-মেইল: iauregistr@gmail.com